



স্মারকনং: ৪৬.০০.৮৭০০.০০০.০০২.২০.০১.২৬-

৬৭৬

তারিখ: ০৩ ভাদ্র ১৪৩৩
১৮ আগস্ট ২০২৬

শিক্ষা বৃত্তির বিজ্ঞপ্তি :

সাতক্ষীরা জেলা পরিষদের ২০২৬-২০২৭ অর্থবছরের বাজেটের নিজস্ব তহবিলের আওতায় সাতক্ষীরা জেলার স্থায়ী বাসিন্দা ও দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত গরীব ও মেধাবী ছাত্র-ছাত্রীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে এককালীন শিক্ষা বৃত্তি প্রদানের লক্ষ্যে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

শর্তাবলি :

০১।	আবেদনকারী ছাত্র-ছাত্রীকে অবশ্যই সাতক্ষীরা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
০২।	আবেদনকারী ছাত্র-ছাত্রীকে নিয়মিত শিক্ষার্থী হতে হবে যারা ২০২৬ সনে এস.এস.সি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ অথবা সরকার কর্তৃক অনুমোদিত কোন শিক্ষা প্রতিষ্ঠানে এইচ এস সি বা সমমান শ্রেণিতে অধ্যয়নরত অথবা দেশের অভ্যন্তরীণ কোন পাবলিক বিশ্ববিদ্যালয়, কৃষি বিশ্ববিদ্যালয়, প্রকৌশলী/ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, মেডিকেল কলেজ বা জাতীয় বিশ্ববিদ্যালয় অধীন কলেজ/মাদ্রাসাসমূহে স্নাতক, স্নাতক(সম্মান), স্নাতকোত্তর/সমমান শ্রেণিতে অধ্যয়নরত হবেন।
০৩।	আবেদনকারীর মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক অথবা সমমানের পরীক্ষায় বিজ্ঞান, মানবিক বা বানিজ্য বিভাগে জিপিএ ৫.০০ এবং প্রতিবছরী প্রার্থীদের জিপিএ সর্বনিম্ন ৩.০০ থাকতে হবে।
০৪।	আবেদনকারী ছাত্র-ছাত্রীর অভিভাবকের বার্ষিক আয় ৯০,০০০/- (নব্বই হাজার) টাকার নিম্নে হলে আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে।
০৫।	বৃত্তির ফরম অফিস চলাকালীন সময়ে সাতক্ষীরা জেলা পরিষদ কার্যালয় হতে অথবা সাতক্ষীরা জেলা পরিষদের ওয়েবসাইট-www.zpsatkhir.gov.bd হতে ডাউনলোড করত: পূরণ করে স্বাক্ষরপূর্বক জমা প্রদান করতে হবে।
০৬।	আবেদনপত্রের সাথে আবশ্যিকভাবে নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করতে হবে: (ক) সাতক্ষীরা জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণস্বরূপ জাতীয় পরিচয়পত্র/জন্মানিবন্ধন/নাগরিকত্ব সনদপত্র (পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত)। (খ) সর্বশেষ পরীক্ষার মার্কসীট/সনদপত্রের সত্যায়িত কপি, পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি রশ্মিন ছবি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)। (গ) আবেদনপত্রে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধানের সুপারিশ/মতামত প্রদান করতে হবে। (ঘ) পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত পিতা/মাতা/অভিভাবকের বার্ষিক আয়ের পরিমাণ উল্লেখ করে আর্থিক অস্বচ্ছলতার সনদপত্র। (ঙ) আবেদনকারীর পিতা-মাতা/ অভিভাবক চাকুরীজীবী হলে সংশ্লিষ্ট অফিস প্রদান কর্তৃক প্রদত্ত মূল বেতনের প্রতায়নপত্র জমা প্রদান করতে হবে।
০৭।	বৃত্তির ফরম সঠিকভাবে পূরণ করে আগামী ৩০-০৯-২০২৬ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সরাসরি অথবা ডাকযোগে সাতক্ষীরা জেলা পরিষদ কার্যালয়ে জমা দিতে হবে।
০৮।	অসম্পূর্ণ, ভুল তথ্য সম্বলিত ও নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
০৯।	বিস্তারিত তথ্য অফিস চলাকালীন সময়ে সাতক্ষীরা জেলা পরিষদ কার্যালয় হতে জানা যাবে।
১০।	কর্তৃপক্ষ যে কোন শর্ত সংশোধন/সংযোজন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

এস. এম. মাহফুজুর রহমান
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, সাতক্ষীরা।
E mail: zpsatkhir@gmail.com